দৈনিক ইনকিলাব

তারিখ 29 AUG 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ...

৪৮

শিক্ষাঙ্গন

## কৃষি কলেজ— একটি প্রস্তাবনা

স্নাতক কৃষি (সম্মান) কোর্সের নিমিত্তে দেশে বর্তমানে তিনটি কৃষি কলেজ রয়েছে। কলেজ তিনটি একাডেমিকভাবে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত এবং এদের প্রশাসনিক দায়িত্ব সাময়িকভাবে বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিএআরআই)-এর উপর ন্যস্ত।

কৃষিগবেষণার ক্ষেত্রে বিএআরআই একটি বহুমুখী গবেষণা প্রতিষ্ঠান। ইহার গবেষণা ব্যবস্থাপনা ও পরিকল্পনার সাথে শিক্ষা ব্যবস্থার প্রশাসনিক দিক সম্পূর্ণ ভিন্নতর হওয়ায় কলেজ তিনটিকে বিএআরআই-এর যুগপৎ পরিচালনায় প্রায়শই জটিলতার সৃষ্টি হচ্ছে।

শিক্ষা প্রতিষ্ঠানের মর্যাদার বিষয়টি বিবেচনা করে মন্ত্রী পরিষদ কলেজ তিনটিকে বিএআরআই-এর প্রশাসনিক আওতা থেকে পৃথক করার সিদ্ধান্ত নেয়। এরই প্রেক্ষিতে ইতোমধ্যে শিক্ষক ও বিজ্ঞানীগণ নিজ নিজ কার্যক্ষেত্রে স্থানান্তরিত হয়েছে এবং শিক্ষকদের জন্যে পৃথক চাকরিবিধি প্রণয়ণের প্রক্রিয়া চলছে। এহেন সিদ্ধান্তের প্রেক্ষিতে সংশ্লিষ্ট শিক্ষক মহল মনে করেন যে: কৃষি মন্ত্রণালয় এ জাতীয় উচ্চতর কৃষি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় বিশ্বের অন্যান্য দেশের অনুশীলনকৃত নমুনা বিবেচনা করে কলেজ তিনটির প্রশাসনিক দায়িত্ব ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্চ সিস্টেম (এনএআরএস) এর সাথে সম্পৃক্ত করে বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল (বিএআরসি) এর উপর অর্পণ করা হোক।

—মোঃ রাফিকুল ইসলাম, প্রভাষক, পটুয়াখালী কৃষি কলেজ।